

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-৭৪

তারিখ: ০৭/০৫/২০২৩ খ্রি:


বিষয়: উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার 'যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি'র এক সভা আগামী ১০/০৫/২০২৩ খ্রি: তারিখ বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক: ০১। চেয়ারম্যান ১নং ইউপি, ২নং ইউপি ও ৪নং ইউপি।

০২। মহিলা সদস্য (সংরক্ষিত), ৩নং ওয়ার্ড ৫নং পলাশবাড়ী ইউপি।



(মোছা: নাসরিন জাহান)


উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-৪২

তারিখ: ০৯/০৩/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ৪। অফিস নথি।



(মোছা: নাসরিন জাহান)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর

দিনাজপুর জেলাধীন বিরল উপজেলা পরিষদের মে ২০২৩ খ্রি: মাসের যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ মাহামুদুল হাসান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

তারিখ: ১০/০৫/২০২৩ খ্রি:।

সময়: সকাল ১০.০০ ঘটিকা।

আলোচ্য সূচীঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। যুব প্রশিক্ষণ ও যুবঋণ
- ৪। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সদস্য সচিব গত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করলে সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

যুব প্রশিক্ষণ: সভায় সদস্য সচিব ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব খাতের আওতায় ০৭ টি ব্যাচের মধ্যে ০৬টি ব্যাচে ১৮০ জন যুব ও যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সদস্য সচিব যোগ্য প্রশিক্ষণার্থী নির্বাচনসহ প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সহায়তা প্রদানের জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ করেন।। উপস্থিত সদস্যগণ প্রশিক্ষণের মান বজায় রাখার জন্য সদস্য সচিবকে অনুরোধ করেন।

যুবঋণ: সভায় সদস্য সচিব বলেন, ২০২২-২৩ অর্থবছরে আত্মকর্মসংস্থান ও পরিবারভিত্তিক কর্মসূচীসহ ১২৩ জন যুব ও যুবমহিলাকে ৫৫,৩০,০০০/- টাকা যুবঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রার মধ্যে এপর্যন্ত ৯৮ জন যুব ও যুবনারীর মধ্যে ৩৩,৭০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যগণ জানান, আবেদনকারীদের প্রকল্প সঠিকভাবে যাচাইপূর্বক এবং ঋণ গ্রহণের পর ঋণীরা যেন প্রকল্পে ঋণের অর্থ বিনিয়োগ করে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সঠিকভাবে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে কমিটির সকলেই একমত পোষন করেন। সভাপতিসহ কমিটির সকলে আলোচনা পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

- ০১। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের অবশিষ্ট ব্যাচের প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত।
- ০২। ঋণ প্রদানের পূর্বে প্রকল্প ও পরে প্রকল্পে সঠিকভাবে অর্থ বিনিয়োগ হয়েছে কিনা তা যাচাইয়ের সিদ্ধান্ত।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

(মোঃ মাহামুদুল হাসান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

বিরল, দিনাজপুর

পাতা-২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বিরল, দিনাজপুর

স্মারক নং-৩৪.০১.২৭১৭.০০০.৩৮.০৬.১৯-৭৫

তারিখ: ১০/০৫/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ৪। অফিস নথি।



(মোছা: নাসরিন জাহান)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
বিরল, দিনাজপুর